

progetto cofinanziato dall'Unione Europea



UNIONE EUROPEA



AUTORITA' RESPONSABILE

FONDO ASILO, MIGRAZIONE E INTEGRAZIONE (FAMI) 2014-2020

Genitori
Progetto



Tuscany Empowerment Actions for Migrants System

ISTITUTO COMPRENSIVO STATALE



Ai Genitori মাতাপিতার প্রতি

Ai Docenti শিক্ষকদের প্রতি

Al personale ATA

ATA এর কর্মীদের প্রতি

Oggetto: Comunicazione obbligo attivazione **PagoInRete** per i pagamenti telematici delle famiglie verso l'Istituto

বিষয়: প্রতিষ্ঠানের জন্য পরিবারগুলোর অনলাইনে অর্থ প্রদানের উদ্দেশ্যে বাধ্যতামূলকভাবে **PagoInRete** সক্রিয় করার জন্য নোটিশ

01/03/2021 তারিখ থেকে সরকারী প্রশাসনের উদ্দেশ্যে যে কোন অর্থ প্রদান করার জন্য PagoPA প্ল্যাটফর্ম টি বাধ্যতামূলক এবং একচেটিয়া।
শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর জন্য PagoPa এবং PagoInRete সিস্টেমের মাধ্যমে টাকা প্রদান করতে হবে।

পিসি, স্মার্টফোন অথবা ট্যাবলেট এর মাধ্যমে MIUR এর ওয়েব পোর্টালে প্রবেশ করতে হবে - পরিবারগুলো যা করতে পারবে :

- নিজের সম্ভানের জন্য দেওয়া সব অনলাইন নোটিশের সামগ্রিক চিত্র দেখতে পাবে, এমনকি ভিন্ন স্কুল থেকে দেওয়া হলে ও
- অর্থ প্রদানের সবচেয়ে সাধারণ পদ্ধতি PSP (Prestatori di servizi di pagamento) ব্যবহারের মাধ্যমে এবং তালিকার সবচেয়ে শাস্রয়ী পদ্ধতি বেছে নিয়ে একইসাথে এক বা একাধিক খাতে অর্থ প্রদান করতে পারবে

পিতামাতা অর্থ প্রদান সম্পাদন নিশ্চিতকরণের একটি ইমেইল পাবেন এবং এর টেলিম্যাটিক রশিদ টি ডাউনলোড করতে এবং/অথবা কোন শুদ্ধ ছাড়ের জন্য বৈধ সার্টিফিকেট পাবেন

পরিবারগুলো MIUR এর ওয়েবসাইট থেকে “PagoInRete” পদ্ধতি টিতে প্রবেশ করতে পারবেন।

<http://www.istruzione.it/pagoindre/>

কিভাবে ব্যবহার করবেন সে সম্পর্কে এই ঠিকানায় দেওয়া ব্যবহারকারীদের জন্য ম্যানুয়াল টি পড়তে পারেন : http://www.istruzione.it/pagoindre/files/manuale_utente_famiglia.pdf





UNIONE EUROPEA



AUTORITA' RESPONSABILE

পিতামাতা /টিউটরগণকে আহবান জানানো যাচ্ছে যে, যদি তারা পূর্বে না করে থাকেন তাহলে PagoinRete এই প্ল্যাটফর্মটিতে নিবন্ধন করার জন্য **28/02/2021** তারিখের মধ্যে নিচের তালিকাভুক্ত কার্যক্রমগুলো সম্পাদন করে:

1. পিতামাতা/টিউটর যারা অনলাইনে নিবন্ধনের আবেদন করেছে, যাদেরকে ইতিমধ্যে রেজিস্ট্রেশনকৃত তারা একই ব্যক্তিগত তথ্য দিয়ে Pagoinrete তে প্রবেশ করতে পারবেন ; এছাড়াও ডিজিটাল আইডেন্টিটি SPID দিয়ে প্রবেশ করা যাবে।
2. পিতামাতা /টিউটর যাদের নিবন্ধনকৃত তথ্য বা ক্রেডেনশিয়াল নেই, তাদের কে MIUR ওয়েব পোর্টালে ইউজার রেজিস্ট্রেশন করতে হবে : হোমপেজ এর উপরে ডানদিকে দেওয়া লিঙ্ক এর মাধ্যমে, নিজের ব্যক্তিগত তথ্য এবং যোগাযোগের ইমেইল দেওয়ার জন্য ইউজার রেজিস্ট্রেশনের পেজে প্রবেশ করতে হবে ; রেজিস্ট্রেশনের সময় সিস্টেম ব্যবহারকারী কে সিস্টেমে প্রবেশ করতে দেবে থেকে (ইউজার নাম) দেওয়া হবে। এবং ব্যবহারকারীকে সিস্টেমে প্রবেশ করার জন্য পাসওয়ার্ড দিতে বলবে। পরবর্তীতে পিতামাতা Pagoinrete প্ল্যাটফর্মের ইন্সট্রাকশনে প্রবেশ করবে ।
3. নিবন্ধনকৃত ব্যবহারকারী (প্রতি শিক্ষার্থীর জন্য পিতামাতার একজন /টিউটর) কে নিজের সন্তানে কে যেখানে নিবন্ধন করা হয়েছে, সেখানে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীকে তার জন্য যেসব অনলাইন নোটিশ আসবে তা দেখতে পাওয়ার জন্য যুক্ত থাকার আবেদন করার মাধ্যমে এই পেমেন্ট সার্ভিস ব্যবহার করার ইচ্ছা প্রকাশ করে সেখানে যোগাযোগ করতে হবে।

এই প্রক্রিয়াটি রেজিস্ট্রিকৃত পিতামাতা/টিউটরের তত্ত্বাবধানে সংযুক্ত ফর্ম টি পূর্ণ করার মাধ্যমে সম্পন্ন করা হবে। এই ফর্মটি যত দ্রুত সম্ভব প্রতিটি তথ্য দিয়ে পূরণ করে স্কুলে পুনরায় দিয়ে আসতে হবে

MIUR এর পোর্টালে প্রবেশ করে সেক্রেটারি যখন একবার পিতামাতা-সন্তানের সংযুক্ত থাকার ব্যাপারে নিশ্চিত হয়ে যাবে, ব্যবহারকারী স্বয়ংক্রিয়ভাবে পেমেন্ট সার্ভিস ব্যবহার করতে সক্ষম হবে এবং নিজের সন্তানের জন্য যেসব নোটিশ পাঠানো হবে, তা দেখতে সক্ষম হবে ।

যদি ইলেকট্রনিক উপকরণ (ক্রেডিট কার্ড, বোনিফিকো বা ব্যাঙ্ক লেনদেন ইত্যাদি) ব্যবহার করে অর্থ প্রদান করতে অক্ষম হয়, তাহলে Pagoinrete পোর্টাল থেকে পেমেন্ট করার জন্য ফর্ম প্রিন্ট আউট করে গ্রাহক অফিস, তাবাক্কি এবং ATM এর সাথে সংযুক্ত ব্যাংকগুলো, কাউন্টার, স্মার্টফোনের এপ্লিকেশন APP, ট্যাবলেট অথবা অর্থ প্রদান করার সুযোগ প্রদানকারী অন্যান্য সার্ভিসের মাধ্যমে টাকা প্রদান করতে পারবেন ।

